চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-২৭ জুলাই ২০১৭ খ্রি.

শেখ ফজলুল হক মনি সংকলিত বাংলাদেশের গণহত্যার স্মৃতি স্মারকগ্রন্থ গ্রহণকালে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন
মুক্তিযোদ্ধাদের অবদান জাতি স্মরণ করতে গৌরবান্বিত বোধ করে

জাতির জনক বঙ্গবন্ধুর ভাগিনা বাংলাদেশ আওয়ামী যুবলীগের প্রতিষ্ঠাতা শেখ ফজলুল হক মনি সংকলিত স ম ইফতেখার মাহমুদ সম্পাদিত ঢাকার শূন্য প্রকাশনা থেকে প্রকাশিত বাংলাদেশের গণহত্যার স্মৃতি স্মারকগ্রন্থ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীনকে গত ২৫ জুলাই সন্ধ্যা ৬ টায় মেয়র দপ্তরে আনুষ্ঠানিক হস্তান্তর করা হয়। এ সময় প্রতিনিধি দলের মধ্যে উপস্থিত ছিলেন প্রকাশনা সংস্থার কর্মকর্তা মো. হাসান পারভেজ, সিটি কর্পোরেশনের জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, সাংগঠিনক সম্পাদক আসিফ ইকবাল, সালাউদ্দিন লিটন, ছাত্র নেতা বোরহান উদ্দিন গিফারী। স্মারক গ্রন্থ গ্রহণ করে মেয়র সংক্ষিপ্ত অনুভূতিতে বলেন, এ দেশের মুক্তিযুদ্ধ আমাদের অহংকার। ৩০ লক্ষ শহীদের রক্তের বিনিময়ে আমরা আমাদের কাংখিত স্বাধীনতা পেয়েছি। জাতির জনক বঙ্গবন্ধুর সুযোগ্য নেতৃত্বে সেদিন আমরা স্বাধীনতার যাতাকল থেকে একটি স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ সৃষ্টি করতে পেরেছিলাম। আর এই স্বাধীনতার জন্য দেশের বিভিন্ন জায়গায় যে সমস্ত বধ্যভূমি হিসেবে পরিণত হয়েছিল তা সংরক্ষন আমাদের কর্তব্য ও নৈতিক দায়িত্ব। আর এই ঐতিহাসিক ত্যাগের মহিমায় ভাস্বর মুক্তিযুদ্ধের স্মৃতি বিজড়িত ভূমির ইতিহাস বই আকারে সংগ্রহ করার দুর্লভ কাজে যুবলীগের প্রতিষ্ঠাতা শেখ ফজলুল হক মনি এবং সম্পাদক স ম ইফতেখার মাহমুদ ও প্রকাশনা সংস্থা শূন্য প্রকাশনার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি।
সভা শেষে মাননীয় মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন আনুষ্ঠানিকভাবে এই দুর্লভ বইটি সিটি কর্পোরেশনের সংরক্ষনের জন্য গ্রহণ করেন।

চট্টগ্রাম-২৭ জুলাই ২০১৭ খ্রি.

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২ তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ব্যাপক কর্মসূচী গৃহিত

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২ তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। জাতীয় শোক দিবস পালন উপলক্ষে ২৭ জুলাই ২০১৭ খ্রি. সকালে নগরভবনের সম্মেলন কক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন, পুলিশ ও জেলা প্রশাসন এর যৌথ এক সভায় আগামী ১৫ আগষ্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২ তম শাহাদাৎ বর্ষিকী ও জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় ব্যাপক কর্মসূচির মধ্য দিয়ে পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়। কর্মসূচির মধ্যে সকাল ১০ টা থেকে সাড়ে ১০ টার মধ্যে নগরীর ২০ কি. মি. এলাকা জুড়ে শিক্ষার্থীদের মানববন্ধন। মানবন্ধনে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান, সরকারী শিক্ষা প্রতিষ্ঠান এবং বেসরকারি সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও ছাত্র-ছাত্রীবৃন্দ মাদক,সন্ত্রাস ও জঙ্গীবাদের বিরুদ্ধে ফেষ্টুন,প্লে-কার্ড ও ব্যানার বহন করে নগরবাসীকে সচেতন করার প্রয়াস চালাবে। এছাড়াও জাতির পিতার প্রতিকৃতিতে মাল্যদান, খতমে কোরআন, মিলাদ মাহফিল, বিশেষ মোনাজাত, আলোচনা সভা, রচনা প্রতিযোগিতা ও চিত্রাকংন প্রতিযোগিতা সহ নানা ধরনের কর্মসূচি পালনের মাধ্যমে জাতির পিতার প্রতি শ্রদ্ধা নিবেদন করা হবে। সভায় সভাপতিত্ব করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। সভায় স্বাস্থ্য ও শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি নাজমুল হক ডিউক, সমাজ কল্যান বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি মো. সলিম উল্লাহ বাচ্চু, কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, হাবিবুল হক, চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, সচিব মোহাম্মদ আবুল হোসেন, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, উপ পুলিশ কমিশনার হাসান মোহাম্মদ সওকত আলী, মেয়রের একান্ত সচিব মোহাম্মদ মঞ্জুরুল ইসলাম, জেলা প্রশাসনের কর্মকর্তা, জেলা প্রশাসকের ষ্টাফ অফিসার মোহাম্মদ তৌহিদুল ইসলাম, উপ সচিব আশেক

রসুল চৌধুরী টিপু, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, শিক্ষা কর্মকর্তা মো. সাইফুর রহমান সহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সভাপতির বক্তব্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বাংলাদেশকে ক্ষুধা ও দারিদ্রমুক্ত, শোষনহীন সোনার বাংলায় গড়ে তোলার লক্ষ্যে বর্তমান প্রজন্মকে মাদক,সন্ত্রাস ও জঙ্গীবাদ থেকে মুক্ত রাখতে হবে। এ লক্ষ্যে সিটি কর্পোরেশন সকলকে নিয়ে সম্মিলিত প্রয়াস চালিয়ে যাচ্ছে। তিনি জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের মধ্য দিয়ে মাদক,সন্ত্রাস ও জঙ্গীবাদকে সমাজ থেকে উৎখাত এর অঙ্গীকার করার আহ্বান জানান।

চট্টগ্রাম-২৭ জুলাই ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন প্রথম বারের মত রাজস্ব ও এ্যাষ্টেট সংক্রান্ত বিষয়ে কর্ম পরিকল্পনা প্রণয়ন করল

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, নগরবাসীর ট্যাক্সের টাকা নগরবাসীর কল্যানে ব্যয় করা হবে। তাদের কষ্টার্জিত অর্থ অপব্যবহার করার কেন সুযোগ নেই। তিনি বলেন, নাগরিকদের সাথে সুমধুর ব্যবহার ও মার্জিত আচরন দ্বারা তাদের মন জয় করে বিধি বিধানের আওতায় পৌরকর আদায় করে চট্টগ্রাম নগরীর সার্বিক উন্নয়ন তরান্বিত করতে হবে। জনাব আ জ ম নাছির উদ্দীন জলাবদ্ধতার কিছু তুলে ধরে বলেন, সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি, সাম্প্রতিক সময়ে কাপ্তাই হ্রদের পানি ছাড়া, কর্ণফুলী নদীর ড্রেজিং না হওয়া, অপর্যাপ্ত সিলট্রেশন স্থাপন সহ নানামুখি মানবসৃষ্ট সমস্যার কারণে বর্ষা মৌসুমে নগরীর নিম্নাঞ্চলে জলজট ও জলাবদ্ধতার সৃষ্টি হয়। এ বিষয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশন সজাগ ও সচেতন আছে। জলাবদ্ধতা নিরসনে ইতোমধ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ সহ স্থায়ী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। আশা করা যাচ্ছে আগামী ২ বছরের মধ্যে জলাবদ্ধতা নিরসনের প্রকল্পগুলো বাস্তবায়ন করা সম্ভব হবে। ২৭ জুলাই ২০১৭ খ্রি. দুপুরে থিয়েটার ইনস্টিটিউটে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর রাজস্ব বিভাগ ও এ্যাষ্টেট শাখার ২০১৭-১৮ অর্থ বছরের কর্ম পরিকল্পনা উপস্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে মেয়র এসব কথা বলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা। মেয়রের একান্ত সচিব মোহাম্মদ মঞ্জুরুল ইসলাম এর উপস্থাপনায় অনুষ্ঠিত কর্মপরিকল্পনা প্রনয়ন অনুষ্ঠানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান কর্মপরিকল্পনার বিস্তারিত তথ্যচিত্র এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন, ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের বিগত ৪ বছরের রাজস্ব আদায়ের তুলনা চিত্র উপস্থাপন করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি, ৩৭ নং ওয়ার্ড কাউন্সিলর মোহাম্মদ শফিউল আলম, ৩৬ নং ওয়ার্ড কাউন্সিলর হাবিবুল হক, চট্টগ্রম সিটি কর্পোরেশনের সচিব মোহাম্মদ আবুল হোসেন, প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমদ, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, স্পেশাল ম্যাজিষ্ট্রেট জাহানারা ফেরদৌস, নির্বাহী ম্যাজিষ্ট্রেট সনজিদা শরমিন, চসিক আপিল রিভিও বোর্ডের সদস্য ইঞ্জি. আবদুর রশিদ, এ্যাডভোকেট চন্দন বিশ্বাস। অনুষ্ঠানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের রাজস্ব বিভাগের কর কর্মকর্তাবৃন্দ তাদের সার্কেলের বিস্তারিত তথ্য উপাত্ত উপস্থাপন করেন। কর্মপরিকল্পনায় এ্যাসেসমেন্ট প্রকাশ ও আপত্তিকৃত আপিল রিভিও নিষ্পত্তিকরণ , হোল্ডিং কর আদায় কার্যক্রম জোরদার করণ, অনুন্নত এলাকাগুলোতে কর আদায়ের বিশেষ পদক্ষেপ গ্রহণ, হোল্ডিং কর সম্পর্কিত বিভিন্ন সমস্যা নিষ্পত্তি করন, হোল্ডিং কর অটোমেশন সম্পন্ন করণ, ট্রেড লাইসেন্স অটোমেশন কার্যক্রম সম্পন্ন করণ, ট্রেড লাইসেন্স কার্যক্রম জোরদার করণ, সপসাইন বাংলায় রুপান্তর করণ, কর মেলা আয়োজনের ব্যবস্থা করন, রাজস্ব সার্কেল সমূহের সমস্যা সমূহ নিরুপন ও দূর করা, মানব সম্পদ উন্নয়ন, মাদারবাড়ি পোর্টসিটি হাউজিং প্রকল্প, শুভপুর বাসষ্ট্যান্ড এর পাশ্বস্থ রেলওয়ে কর্তৃপক্ষের সাথে চলমান সমস্যা দুরিকরন, দোকান বরাদ্ধ বৃদ্ধি, বহদ্দারহাট কাঁচা বাজার সম্প্রসারন ও আধুনিকায়ন করা, চক বাজার কাঁচা বাজার সম্প্রসারন ও আধুনিকায়ন, শাহ আমানত মার্কেট সম্প্রসারন ও আধুনিকায়ন, বিআরটিসি ভবন সংলগ্ন ভবনের বাণিজ্যিক ব্যবহার, মাদারবাড়ী ফ্ল্যাট সম্প্রসারন, ব্যাংকক সিঙ্গাপুর মার্কেট সম্প্রসারন ও আধুনিকায়ন, কাজীর হাট বাজার উন্নয়ন, উত্তর খুলশি কোবে সিটি হাউজিং প্রকল্পের বিদ্যমান সমস্যা নিরসন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের লেক সিটি হাউজিং প্রকল্প উন্নয়ন ও হস্তান্তর, অক্সিজেন এ্যাপার্টমেন্ট বাজারজাত করন, ঠান্ডাছড়ি লেকে বিনোদন পার্ক আধুনিকায়ন করণ,

বাগমনিরমা ওয়ার্ড অফিস ভবন নির্মাণ কাজ সমাপ্ত করন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের যাবতীয় সম্পত্তির তালিকা প্রকাশ, যাবতীয় মালা নিষ্পত্তি করন, অবৈধ হাট বাজার উচ্ছেদ সহ ১ বছরের কর্মপরিকল্পনা উপস্থাপন করা হয়। কর্মপরিকল্পনা প্রনয়ন অনুষ্ঠানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন সরকারের বিধি বিধানের আওতার মধ্য থেকে শতভাগ নাগরিক সেবা নিশ্চিত করার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। কোন নাগরিক এর উপর এক পয়সাও অতিরিক্ত কর আরোপ করার কোন ক্ষমতা বা বৈধ অধিকার সিটি কর্পোরেশনের নেই। সরকারী গ্যাজেট দ্বারা আদিষ্ট হয়ে গ্যাজেটের আওতায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন পৌরকর ধার্য্য ও আদায় করার এখতিয়ার থেকে দায়িত্ব পালন করছে। তিনি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের যাবতীয় সেবার বিষয়গুলো উপস্থাপন করে বলেন, পৌরকর ছাড়া ভিন্ন কোন আয়ের তেমন উৎস চসিক এর নেই। পৌরকর, সরকারি থোক বরাদ্দ ও প্রকল্প ভিত্তিক সেবা প্রদানের মাধ্যমে নাগরিকদের কাংখিত চাহিদা পুরণ করার চেষ্টা করছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। এ বিষয়ে নাগরিকদের সার্বিক সহযোগিতা কামনা করেন মেয়র।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা